# আপনি পবিত্র আত্মায় পূর্ণ হতে পারেন!

**এই পাঠের বিষয়বস্তু:**

বাইবেল বলছে, “পবিত্র আত্মায় পূর্ণ হও!” (ইফিষীয় ৫:১৮)। তাঁর অর্থ এই যে, যীশুর প্রত্যেক অনুগামীর পবিত্র আত্মার প্রয়োজন আছে। যখন আপনি পবিত্র আত্মা গ্রহণ করবেন, তখন ঈশ্বরের শক্তি পাবেন। এবং আপনার জীবন বদলে যাবে!

এই পাঠে আলোচিত বিষয়গুলি হল:

- **পবিত্র আত্মা কে?**
- **পবিত্র আত্মাকে আপনার কেন প্রয়োজন?**
- **কেমন করে পবিত্র আত্মায় পূর্ণ হওয়া যায়?**

**নীচের নির্দেশ অনুযায়ী পাঠ করুন:**

✓ আপনার বাইবেল পদগুলি খুঁজে বের করুন এবং সেগুলির তলায় দাগ দিয়ে রাখুন।

✓ অধ্যয়ন করুন। যত বেশী অধ্যয়ন করবেন তত বেশী এর অর্থ ও তাৎপর্য্য বুঝতে পারবেন।

ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

## ১ পবিত্র আত্মা কে?

ঈশ্বরের প্রশংসা হোক! কেননা এখন আপনি পরিত্রাণ প্রাপ্ত! আপনি বিশ্বাসে খ্রীষ্ট যীশুকে গ্রহণ করেছেন। এটা হল সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ এমন এক সিদ্ধান্ত যা আপনি যে কোন সময় নিতে পারেন। (যদি আপনার কোন আশঙ্কা থাকে যে আপনি পরিত্রাণ প্রাপ্ত কিনা তাহলে পুনর্বার দ্বিতীয় পাঠ অধ্যয়ন করুন।)

যখনই আপনি যীশুকে গ্রহণ করেছেন, তখনই আপনার মধ্যে কিছু ঘটেছে, হতে পারে আপনি তা অনুভব করেন নি। খ্রীষ্টে আমাদের যা কিছু আছে তা জানতে ও বোধগম্য করতে সারাজীবন লেগে যায়। আজ আপনি পবিত্র আত্মার অপূর্ব জগতে প্রবেশ করবেন; এটা সম্ভব কারণ আপনি যীশু খ্রীষ্টকে গ্রহণ করেছেন এবং আপনার জীবনের প্রভু হিসাবে স্বীকার করেছেন।

## পবিত্র আত্মা কে? (ক্রমশঃ)


### পবিত্র আত্মা হলেন ঈশ্বর - এবং তিনি আপনার জীবনে কাজ করেন!

*২করি: ৩:১৬-১৮* পবিত্র আত্মা হলেন ঈশ্বর এবং তিনি আপনার জীবনে মুখ্য ভূমিকা পালন করে থাকেন।

*মথি ২৮:১৯* পূর্ববর্তী তিনটি পাঠে আপনি ত্রিত্ব সম্পর্কে শিক্ষালাভ করেছেন: ঈশ্বর পিতা, ঈশ্বর পুত্র ও ঈশ্বর পবিত্র আত্মা। ঈশ্বরকে কেবলমাত্র জানা আর ঈশ্বরকে জেনে তাঁর সঙ্গে ঘনিষ্ঠ হওয়া এই দুইয়ের মধ্যে পার্থক্য আছে। পবিত্র আত্মা ঈশ্বরের সঙ্গে ঘনিষ্ঠ হয়ে থাকতে ও তাঁকে উপলব্ধি করতে আপনাকে সাহায্য করবে। ইতিপূর্বে আত্মা আপনার মধ্যে উত্তম কার্য্য করে চলেছেন। তিনি আপনাকে যীশুর কাছে এনেছেন। আত্মা ব্যতিরেকে যীশুকে প্রভু বলে স্বীকার করা আপনার পক্ষে সম্ভব নয়।

যীশুকে অনুসরণ করা কোন সদবুদ্ধি সম্পন্ন সিদ্ধান্ত নয়, কিন্তু এটি এক আত্মিক জীবন ধারা!

### পুরাতন নিয়ম পবিত্র আত্মার প্রতিজ্ঞা করে




| | |
|---|---|
| **সৃষ্টি:** | আদিপুস্তক ১:২ |
| **যোষেফ:** | আদিপুস্তক ৪১:৩৮ |
| **৭০ জন প্রাচীনবর্গ:** | গণনাপুস্তক ১১:২৫ |
| **গিদিয়োন:** | বিচারকর্ত্তৃকগণ ৬:৩৪ |
| **রাজা দায়ূদ:** | ১ শমূয়েল ১৬:১৩ |
| **এলিয়:** | ২ রাজাবলি ২:১৫,১৬ |
| **ভাববাদীগণের ভাববাণী:** | যিশাইয় ৪৪:৩, যিহি: ৩৬:২৬,২৭, সখরিয় ৪:৬, |
| **প্রত্যাশায় বৃদ্ধি পাওয়া:** | মার্ক ১:৭,৮ |

*আদি ১:২* আসুন প্রথম থেকে শুরু করি! পবিত্র আত্মা সৃষ্টির সময় থেকেই ছিল। ঈশ্বর যখনই আশ্চর্য্য ও অলৌকিক কাজ করেছেন পবিত্র আত্মা ছিলেন। ইস্রায়েলের নেতৃবর্গ ও
*গণনা ১১:২৫* ভাববাদীগণের মধ্যে আত্মা কাজ করছিলেন। কিন্তু শত শত বছর পূর্বে ভাববাদীগণ
*যিহি: ২:২* কিছু আরো উত্তম উত্তম ভাববাণী করেছিল, ***তা হল পবিত্র আত্মা সকল লোকের উপরে আসিবে।*** নারী, পুরুষ, এমনকি ছেলে মেয়ে। আর ঈশ্বরের পবিত্র আত্মা হৃদয়ে
*যোয়েল ২:২৮,২৯* পরিবর্তন আনবে এবং আমাদের প্রেম, বিশ্বাস ও শক্তিতে পরিপূর্ণ করবে। এটাই হল
*যিহি: ৩৬:২৬,২৭* আমাদের প্রতি ঈশ্বরের প্রতিজ্ঞা! আর তিনি যীশুর মাধ্যমে তা পূর্ণ করেছেন!

# আপনি পবিত্র আত্মায় পূর্ণ হতে পারেন

## যীশু স্বয়ং পবিত্র আত্মায় পরিপূর্ণ ছিলেন

বাইবেল স্পষ্টভাবে বলে যে, যীশু কেবলমাত্র আত্মার শক্তিতে জন্মগ্রহণ করেছিলেন
*লূক ১:৩৫* তা নয়, কিন্তু তিনি পবিত্র আত্মায় পূর্ণ এবং অভিষিক্ত ছিলেন (যার অর্থ হল, আত্মা
*লূক ৪:১* তাকে পূর্ণ করেছিলেন ও তার মাধ্যমে কার্য্য করেছিলেন) এবং আত্মা দ্বারা তিনি
*প্রেরিত ১০:৩৮* পরিচালিত ছিলেন। যেমন আপনি ও আমি হতে পারি!

*১ যোহন ৪:১৭* আমরা কখনই যীশুর সমতুল্য হতে পারি না কারণ তিনি তো ঈশ্বর। কিন্তু তিনি
*যোহন ১৪:১২* তার অনুগামীদের বলেছেন যেন তাঁরা তাঁর মত হয়। তিনি এই প্রতিজ্ঞাও করেছেন
যে, তিনি যে সকল কার্য্য করেছেন আমরাও সেই কার্য্য করতে পারব। এমনকি
বৃহত্তর অলৌকিক কার্য্য ও করতে পারবে। কাজেই প্রশ্ন হল তা কেমন করে সম্ভব?
উত্তর হল, "পবিত্র আত্মার মাধ্যমে!" এই পাঠ আপনাকে শিক্ষা দেবে, কেমন করে
ইহা সম্ভব।


**যীশু এবং পবিত্র আত্মা**

| | | |
|---|---|---|
| যীশুর জন্ম | • পবিত্র আত্মার ছায়ায় গর্ভধারণ। | লূক ১:৩৫ |
| | • মরিয়ম হইতে জাত। | লূক ২:৭ |
| | • ৩০ বৎসর বয়স পর্যন্ত যীশু বুদ্ধিতে এবং বয়সে বৃদ্ধি পেতে থাকেন। | |
| আত্মায় সেবাকার্য্য | • যীশু পবিত্র আত্মায় বাপ্তাইজিত ও পূর্ণ হয়েছিলেন। | লূক ৩:২১,২২; ৪:১ |
| | • পবিত্র আত্মার শক্তিতে সেবাকার্য্য (তিন বৎসর) | প্রেরিত ১০:৩৮ |
| | • পবিত্র আত্মা প্রেরণের প্রতিজ্ঞা | যোহন ১৬:৭ |
| | • যীশু মৃত্যুবরণ করেন ও | |
| | • পুনরুত্থিত হন | যোহন ২০-২১ |
| যীশু আত্মা দান করেন | • যীশু আত্মা দান করেন | প্রেরিত ২ |

## যীশু আমাদের পবিত্র আত্মা দানের প্রতিজ্ঞা করেছেন

*যোহন ১৬:৫-৭* যীশু তার শিষ্যদের বিশেষ স্মরণীয় কথা বলেছিলেন যে, "আমার যাওয়া তোমাদের
*যোহন ১৭:২৬* পক্ষে ভালো কেননা আমি না যাওয়া অবধি সেই সহায় (পবিত্র আত্মা) তোমাদের নিকটে
আসিবে না।" যীশুর সঙ্গে ইস্রায়েলে সেই বছরগুলিতে থাকার চেয়ে কোন উত্তম বিষয়
কি আপনি চিন্তা করতে পারেন? তথাপি যীশু **আমাদের মধ্যে** আত্মায় সর্বক্ষণ থাকার
প্রতিজ্ঞা করেছেন।

*লূক ২৪:৪৯* পৃথিবীতে থাকাকালীন যীশু তাঁর শেষ দিনগুলিতে পবিত্র আত্মা প্রেরণের
*যোহন ১৪:১৬* প্রতিজ্ঞা করেছেন, "পিতার প্রতিজ্ঞানুসারে আমি প্রেরণ করব। কিন্তু যে পর্যন্ত না
উর্দ্ধ হইতে শক্তিপ্রাপ্ত হও তোমরা জেরুশালেমে অবস্থিতি করবে।" ইহা খুবই স্পষ্ট
*প্রেরিত ১:৪,৫* যে, যীশু শিষ্যদের দ্বারা যা কিছু কার্য্য করাতে চেয়েছেন তার জন্য আত্মার সহায়
খুবই গুরুত্বপূর্ণ। আগেই তিনি বলেছেন, "তোমরা জেরুশালেম ছেড়ে যেও না। কিন্তু
ঈশ্বরের সেই দানের প্রতীক্ষায় থাক যার বিষয়ে তোমরা আমার কাছে শুনে
এসেছো।" তিনি আরো বলেন যে, "কিছু দিনের মধ্যেই তোমরা ***পবিত্র আত্মার
বাপ্তিস্ম গ্রহণ করবে।***"



## ২ যীশু পবিত্র আত্মায় বাপ্তিস্ম দেন

প্রভু যীশু জানতেন যে, তাঁর শিষ্যদের জীবনে যদি পবিত্র আত্মার কার্য্য না থাকে তাহলে
*সখরিয় ৪:৬* কোন ধরণের ঐশ্বরিক শক্তি কিংবা প্রেম থাকতে পারে না। পবিত্র আত্মা ছাড়া মানুষের
জন্য ঈশ্বরের যে পরিকল্পনা রয়েছে তা কখনই পূর্ণ হতে পারে না। ঠিক একইভাবে
*যোহন ১৬:৭* আপনার আমার পক্ষেও তা প্রযোজ্য। ঈশ্বরের পরিকল্পনানুসারে জীবনযাপন করতে পবিত্র
আত্মা অতি আবশ্যক। প্রভু যীশু পবিত্র আত্মা প্রেরণের প্রতিজ্ঞার মাধ্যমে কি বলতে
চেয়েছেন তা এখন দেখা যাক।

### ১. তোমাদের অন্তর হইতে আত্মা এক নদীর ন্যায় প্রবাহিত হইবে

আত্মার বিষয়ে যীশু সবসময় সাহসপূর্বক ঘোষণা করেছেন, কারণ তিনি চেয়েছিলেন
যেন লোকেরা তাঁর বিষয়ে জানে। যখন জেরুশালেম লোকে পূর্ণ ছিল তখন তিনি
*যোহন ৭:৩৭-৩৯* দাঁড়িয়ে পবিত্র আত্মার বিষয়ে চেঁচিয়ে বললেন, "যদি কেহ তৃষ্ণার্ত হয়, আমার
কাছে আসুক এবং পান করুক। যে কেহ আমাতে বিশ্বাস করে, শাস্ত্রে যেমন লেখা
আছে, তাহাদের অন্তর হতে জীবন্ত জলের **নদী** বহিবে। এর মধ্য দিয়ে তিনি
আত্মাকে বোঝাতে চেয়েছেন, যারা তাঁর প্রতি বিশ্বাস করেছিল তারা পরবর্তীকালে
পবিত্র আত্মা গ্রহণ করেছিল।" "যে কেহ" এর অর্থ হল, সকল ব্যক্তি। যে কেউ
বিশ্বাস করবে সে পবিত্র আত্মার জীবন দায়ী শক্তিকে অনুভব করবে ও অভিজ্ঞতা
*সখরিয় ১৪:৮* লাভ করবে। যখন তিনি (পবিত্র আত্মা) আসবেন আপনি পার্থক্য বুঝতে পারবেন।
*যিশাইয় ১২:৩* ঈশ্বরের নিজ জীবনের শক্তিমান নদী আপনার জীবন থেকে বইবে!

*প্রেরিত ১:৫*

### ২. যীশু বলেছেন: "তোমরা পবিত্র আত্মায় বাপ্তাইজিত হইবে।"

নতুন নিয়মের প্রায় সবটাই গ্রীক ভাষায় লেখা হয়েছিল। গ্রীক ভাষায় "বাপ্তিস্ম" এর অর্থ হল "ডোবানো", "গভীরভাবে নিমজ্জিত হওয়া", "ডুব"। এর অর্থ "ডুবে যাওয়া" হতে পারে। যীশু চান যে, আপনি পবিত্র আত্মায় সম্পূর্ণরূপে নিমজ্জিত হন, তাহলে আত্মা আপনার অন্তরে, বাইরে এবং আপনার চারপাশে থাকবে। যখন এ প্রকার ঘটবে আপনি এক অভূতপূর্ব পরিবর্তন আপনার জীবনে দেখতে পাবেন। দেখুন, যীশুর শিষ্য বন্ধুরা যখন পবিত্র আত্মায় নিমজ্জিত হন তখন কি অদ্ভুত পরিবর্তন তাদের মধ্যে এসেছিল:

*মথি ২৬:৬৯-৭৫*
*প্রেরিত ২:১৪*
- পিতর যে এক সময় ভীরু ছিল এক নির্ভয় সাক্ষ্য হয়ে দাঁড়ালো! আপনিও হতে পারেন!

*প্রেরিত ২:২-৪*
- তাদের প্রত্যেকে অন্য অন্য ভাষায় কথা বলতে লাগল! আপনিও পারেন।

*প্রেরিত ২:৪০-৪১*
*প্রেরিত ২:৪৭;৬:৭*
- কিছু সংখ্যার বিশ্বাসীবর্গ এক দ্রুত বৃদ্ধিলাভকারী মণ্ডলীতে পরিণত হল; প্রতিদিন নতুন নতুন আত্মা জয় হতে লাগল। আপনিও যীশুর জন্য আত্মা জয় করতে পারেন!

*প্রেরিত ৩:১-১০*
- যীশুর ন্যায় তার শিষ্যদেরও আরোগ্যদানের ক্ষমতা ছিল! তা আপনার জীবনেও হতে পারে!

*রোমীয় ৫:৫*
- সর্বোপরি, হাজার হাজার বিশ্বাসী ঈশ্বরের প্রেমে অবস্থিতি করতে লাগল। তাঁরা প্রত্যেকে একে অপরের সঙ্গে অংশভাগ ও ব্যবহারিকভাবে সাহায্য করত। পবিত্র আত্মা এই ধরণের ভালোবাসা আপনার জীবনেও আনবেন! যারা প্রভু যীশুতে

## আপনি পবিত্র আত্মায় পূর্ণ হতে পারেন

*প্রেরিত ৪:৩২-৩৫* বিশ্বাস করে তাদের প্রত্যেকের জন্য "আত্মা" হল পিতার এক দান যা তিনি প্রতিজ্ঞা করেছেন। পবিত্র আত্মা এই জগৎকে বদলে দেন!

### ৩. পবিত্র আত্মার যুগ আরম্ভ হয়েছে

পৃথিবীর ইতিহাসে যেদিন পবিত্র আত্মার আগমন ঘটে সেই দিন হতেই এক পরিবর্তন শুরু হয়। শত শত বৎসর পূর্বে যা প্রতিজ্ঞা করা হয়েছিল তা এখন বাস্তবায়িত হল। একটি নতুন যুগ শুরু হল, "পবিত্র আত্মার যুগ।" আর আজ আমরা সেই
*প্রেরিত ২:২-৪* যুগে বাস করছি। "হঠাৎ আকাশ হইতে প্রচণ্ড বায়ুর বেগের শব্দবৎ একটা শব্দ আসিল ... ***আর তাঁরা প্রত্যেকেই পবিত্র আত্মায় পূর্ণ হইল। আর আত্মা তাহাদিগকে যেরূপ বক্তৃতা দান করিল তাহারা অন্য অন্য ভাষায় কথা কহিতে লাগিল।"*** পবিত্র আত্মা তাঁদের জীবনকে পরিবর্তন করল আর তাঁদের দ্বারা সমস্ত জেরুশালেমও পরিবর্তিত হল। পবিত্র আত্মায় প্রেম ও শক্তি নিতান্তই বিরামহীন!
*প্রেরিত ১০:৪৪-৪৭* জেরুশালেমের বাইরেও এই জীবন পরিবর্তনীয় ঘটনা ক্রমাগতভাবে ঘটতে থাকল। কর্নীলিয়া ও তাঁর বন্ধু এবং আত্মীয় স্বজনরাও পবিত্র আত্মায় বাপ্তাইজিত হয়েছিল। যীশু যেভাবে পিতর ও অন্যান্যদের প্রতি আত্মা প্রবেশ করিয়েছিলেন ঠিক তেমনিভাবে অন্যান্যদের প্রতিও করেছিলেন। এটা ক্রমাগত হয়ে চলেছে!

### ৪. পবিত্র আত্মা এখনও বিদ্যমান

যীশু যেমন প্রতিজ্ঞা করেছিলেন, তেমনি, যেদিন থেকে পবিত্র আত্মার আগমন হয়েছে, সেদিন থেকেই পবিত্র আত্মা তাদের কাছে সহজ প্রাপ্য।

যদি আপনি তৃষ্ণার্ত হন, পান করুন। যদি ঈশ্বরের জন্য তৃষ্ণার্ত হন, পবিত্র আত্মার দানের জন্য যাজ্ঞা করুন। যেভাবে প্রভু যীশুকে গ্রহণ করেছিলেন, সেইভাবেই পবিত্র আত্মাকেও গ্রহণ করুন। আপনার জীবনে আহ্বান করুন। যীশু যেমন অন্তরে এসেছিলেন, পবিত্র আত্মাও আসবেন! ঈশ্বর পক্ষপাতিত্ব করেন না! নগণ্য অতি সাধারণ, জাতিচ্যুত, যেমন পরজাতি, শমরিয় লোকদেরকে পবিত্র আত্মা দান করে তিনি পিতরের সহপ্রচারকদের বিস্মিত করেছিলেন। এই প্রতিজ্ঞা সকলের জন্য এবং
*প্রেরিত ২:৩৮,৩৯* এটি আপনার ও আমার ক্ষেত্রেও প্রযোজ্য। "তোমরা পবিত্র আত্মার দান পাবে। এই প্রতিজ্ঞা আপনার, আপনার ছেলের, মেয়ের এবং যারা অনেক দূরে তাদের সকলের
*লূক ১১:১৩* জন্য।" শুনুন: "যদি তোমরা মন্দ হইয়াও তোমাদের সন্তানদিগকে উত্তম উত্তম দ্রব্য দান করিতে জান, ***তবে ইহা কত অধিক নিশ্চয় যে, স্বর্গস্থ পিতা, যাহারা তাহার কাছে যাজ্ঞা করে তাহাদিগকে পবিত্র আত্মা দান করিবেন!"*** যে কেহ যাজ্ঞা
*১করি: ২:১২* করে গ্রহণ করে! এখানে আপনিও অন্তর্ভুক্ত। কি চমৎকার প্রতিজ্ঞা পিতা ঈশ্বরের! আমাদের প্রতি এই অবিশ্বাসজনক প্রেমের জন্য ঈশ্বরের প্রশংসা হোক!

## বাইবেল অনুসন্ধান

### পবিত্র আত্মা কিসের ন্যায়?

শিষ্যদের সাথে যীশুর শেষ সময়গুলি খুবই গুরুত্বপূর্ণ ছিল। ঐ সময়ে যীশু শিষ্যদের কাছে তাঁর ইচ্ছা প্রকাশ করেন। সেই ইচ্ছা সব পবিত্র আত্মার সাথে ঘনিষ্ঠভাবে সম্পর্কযুক্ত। তাঁর ইচ্ছা কেবলমাত্র সেই শিষ্যদের জন্য ছিল না, কিন্তু আপনার ও আমার জন্যও। যোহন ১৪:১৫-১৬:১৬ পদে পবিত্র আত্মা কিরূপে বা কিসের ন্যায় তা প্রভু যীশু বর্ণনা করেছেন। আসুন অনুচ্ছেদটি অধ্যয়ন করা যাক।

**✓প্রথম: যোহন ১৪:১৫-১৬:১৬ পড়ুন এবং "আত্মা" ও "সহায়" শব্দগুলির তলায় দাগ দিন। "সহায়" পবিত্র আত্মার আর এক নাম।**

**✓দ্বিতীয়ত: পবিত্র আত্মা সম্পর্কে যীশু যা যা বলেছেন সে সকলের তালিকা প্রস্তুত করুন।**

**– পবিত্র আত্মার সম্পর্কে বর্ণনা করুন এবং বলুন তিনি কে?**

**– পবিত্র আত্মার কাজ সম্পর্কে যীশু যা যা বলেছেন তা লিখুন:**

# আপনি পবিত্র আত্মায় পূর্ণ হতে পারেন

✓ **তৃতীয়ত: নিম্নলিখিত পদগুলি মনোযোগ সহকারে পড়ুন এবং শিষ্যদের উপর পবিত্র আত্মা যখন নেমে এসেছিল তখন কি হয়েছিল তা লিখুন:**

প্রেরিত ২:৪ ________________________________

________________________________

প্রেরিত ২:১৭ ________________________________

________________________________

প্রেরিত ৫:৩২ ________________________________

________________________________

প্রেরিত ৭:৫৫ ________________________________

________________________________

প্রেরিত ৮:১৫-১৭ ________________________________

________________________________

প্রেরিত ৮:২৯ ________________________________

________________________________

প্রেরিত ৯:৩১ ________________________________

________________________________

প্রেরিত ১০:৪৪-৪৬ ________________________________

________________________________

প্রেরিত ১১:২৮ ________________________________


________________________________

প্রেরিত ১৩:৫২ ________________________________

________________________________

প্রেরিত ১৯:৬ ________________________________

________________________________



## ৩ কেন পবিত্র আত্মায় পরিপূর্ণ হওয়ার প্রয়োজন আছে?

বাইবেল বলছে: "পবিত্র আত্মায় পরিপূর্ণ হও।" আর প্রথম বিশ্বাসীরা পূর্ণ
*ইফি ৫:১৮-২০* হয়েছিলেন! কিন্তু কেন আমাদের পবিত্র আত্মায় পূর্ণ হবার প্রয়োজন আছে? আসুন কয়েকটি প্রশ্ন দিয়ে আমরা নিজেদের যাচাই করে দেখি।

- **আমি কি প্রকৃত ও নিঃস্বার্থ প্রেম দিয়ে কাউকে ভালবাসি?**

**☐ হ্যাঁ ☐ না**

প্রেম পবিত্র আত্মার ফল। ঈশ্বরের ইচ্ছা হল আমরা যেন তাঁর প্রেমে পূর্ণ হই।
*যোহন ১৩:৩৪* যীশু বলেছেন, "আমি তোমাদের এক নতুন আজ্ঞা দিতেছি: একে অপরকে প্রেম কর।" তিনিই আপনাকে সাহায্য করবেন। তিনি বলেছেন, পবিত্র আত্মাই হল
*রোমীয় ৫:৫* সমাধান: "ঈশ্বর আমাদের হৃদয়ে তাঁর প্রেম সেচন করেছেন পবিত্র আত্মার মাধ্যমে যা আমাদেরকে দেওয়া হয়েছে।" তোমার অন্তর থেকে প্রেমের ধারা বইবে! সাধু
*গালাতীয় ৫:১৬-২৬* পৌল একে আত্মার ফল বলে বর্ণনা করেছেন।

- **আমি কি সাহসপূর্বক যীশুর সাক্ষ্য দিই?**

**☐ হ্যাঁ ☐ না**

যদি বলেন "না" তাহলে আপনি যখন পবিত্র আত্মাকে নিজের জীবনে কাজ করবার সুযোগ দেবেন তখনই তা বদলে যাবে।

যীশুর সাক্ষ্য দিতে পবিত্র আত্মা আপনাকে সাহস যোগাবে। যীশু বলেছেন:
*প্রেরিত ১:৮* "কিন্তু পবিত্র আত্মা তোমাদের উপরে আসিলে তোমরা শক্তিপ্রাপ্ত হইবে এবং তোমরা আমার সাক্ষী হইবে।" আর যদি বলেন, "হ্যঁা" তাহলে পবিত্র আত্মা আপনাকে আরও অধিক সাহসী করে তুলবেন এবং অধিক আনন্দ দেবেন। আর অপরকে প্রভু যীশুর জন্য জয় করতে শক্তি দেবেন।

- **আমি কি পুঙ্খানুপুঙ্খরূপে বাইবেল ও তার মধ্যে আমাদের জন্য যে সকল প্রতিজ্ঞা আছে তা বুঝতে সক্ষম?**

**☐ হ্যাঁ ☐ না**

*১করি: ২:১২* বাইবেলের বাক্য এবং ঈশ্বরের প্রতিজ্ঞাগুলি জানতে, বুঝতে পবিত্র আত্মা আপনাকে
*ইফি: ১:১৭,১৮* সাহায্য করেন। "আমরা ঈশ্বর হতে নির্গত আত্মাকে পাইয়াছি যেন ঈশ্বর অনুগ্রহপূর্বক যাহা যাহা দান করিয়াছেন তাহা জানিতে পারি।" জ্ঞানের ও প্রত্যাদেশের আত্মা হৃদয়ের চক্ষুকে আলোকময় করে পবিত্র আত্মা ব্যতিরেকে আপনি কখনই ঈশ্বরের পরিকল্পনা ও উদ্দেশ্য বুঝতে পারবেন না।

# আপনি পবিত্র আত্মায় পূর্ণ হতে পারেন

*১করি: ১২:৭-১১* • **সাধু পৌল যে আত্মার অনুগ্রহদানের কথা বলেছেন সেগুলি আপনি পেয়েছেন কি? আপনার কি আরোগ্যদান, প্রজ্ঞার বাক্য, ভবিষ্যৎ বাণী বা অন্য ভাষায় কথা বলা ইত্যাদি আত্মার দান আছে?**

☐ হ্যাঁ ☐ না

পবিত্র আত্মা হলেন সেই ব্যক্তি যিনি এই সকল অনুগ্রহদান বিশ্বাসীদের দিয়ে থাকেন যারা
*১করি: ১৪:১* আকাঙ্খিত। বাইবেল বলছে: "আত্মার অনুগ্রহদান পাবার জন্য উপযোগী হও।" সেগুলি আপনার জন্য!

## এবারে আপনার উত্তরগুলি যাচাই করুন

যদি আপনার চারটি প্রশ্নের উত্তরই "না" হয় চিন্তা করবেন না। এর একটি সমাধান আছে। ঈশ্বর আপনার "না" বাচক উত্তরকে "হ্যাঁ" বাচক উত্তরে পরিবর্তন করবে। তাঁর সমাধান হল পবিত্র আত্মা। পবিত্র আত্মায় বাপ্তাইজিত হউন, পবিত্র আত্মাকে প্রতিদিন আপনাকে পূর্ণ করতে বলুন। পবিত্র আত্মা এক চমৎকার বন্ধু। তিনি আপনার সহায় ও পরামর্শকারী, তিনি আপনাকে সকল প্রকার সত্যের পথে চালিত করেন। আপনি যখন পবিত্র আত্মাকে তাঁর ইচ্ছানুসারে কাজ করতে দেবেন তখন তিনি আপনার জীবনে আমুল পরিবর্তন আনবেন। কিন্তু সর্বপ্রথম আপনাকে পবিত্র আত্মায় বাপ্তাইজিত হতে হবে। কেমন করে তা হতে পারে? জানার জন্য অধ্যয়ন করতে থাকুন।



## কার্য্যের সময়

যাকোব ২:১৭

### কার্য্যের দ্বারাই বিশ্বাস প্রকাশ পায়

যদি আপনি কেবল পাঠ করেন, বলেন ও চিন্তা করেন কিন্তু কার্য্য না করেন তাহলে বিশ্বাস কখনই কার্য্য করতে পারে না! এই পাঠে আমরা চাই যেন ঈশ্বর যা প্রতিজ্ঞা করেছেন তা আপনি গ্রহণ করেন।

প্রথম যারা পবিত্র আত্মায় বাপ্তাইজিত হয়েছিলেন তারা যে ধরণের শক্তিপ্রাপ্ত
প্রেরিত ২:৪ হয়েছিলেন আপনিও তা উপলব্ধি করতে পারবেন। "তাঁহারা সকলে পবিত্র আত্মায় পূর্ণ হইলেন এবং আত্মা তাঁহাদিগকে যেরূপ বক্তৃতা দান করিলেন, তদনুসারে অন্য অন্য ভাষায় কথা বলিতে লাগিলেন।"

### ১. পবিত্র আত্মার বাপ্তিস্ম "সকলের" জন্য

লেখা আছে যে **"সকলে"** পবিত্র আত্মায় পরিপূর্ণ হয়েছিল সেখানে ভিন্ন ভিন্ন পরিবেশ থেকে নারী পুরুষ সর্বমোট ১২০ জন লোক উপস্থিত ছিল। পবিত্র আত্মা পাবার জন্য কোন বিশেষ ধরণের যোগ্যতার প্রয়োজন হয় না। কেবলমাত্র যীশু খ্রীষ্ট যে প্রভু তা স্বীকার করাই আপনার পক্ষে যথেষ্ট।

### ২. "সকলে পরিপূর্ণ হয়েছিল..."

**এখন ঈশ্বরকে ধন্যবাদ দিন: *"পিতা তোমায় ধন্যবাদ দিই যে, আমি পবিত্র আত্মা গ্রহণ করতে প্রস্তুত কেননা আমি প্রভু যীশুতে বিশ্বাস করি।"***

আপনি যাজ্ঞা করলেই পাবেন, অপেক্ষা করবার প্রয়োজন নেই। কেননা আত্মা ইতিপূর্বে আপনাকে দেওয়া হয়েছে। বাইবেলে এমন অনেক উদাহরণ আছে যে,
প্রেরিত ১৯:৬ পবিত্র আত্মার জন্য ক্ষুধার্ত ব্যক্তিদের উপর বিশ্বাসী হাত রেখেছে ও **তাঁরা তৎক্ষণাৎ গ্রহণ করেছে ও পরিপূর্ণ হয়েছে**। আপনি প্রভু যীশুকে গ্রহণ করেছেন এক সিদ্ধান্তের মধ্য দিয়ে। কোন আবেগ দিয়ে নয়। আপনি বলেছিলেন: "প্রভু যীশু, আমার পরিত্রাতা হিসাবে তোমায় আমি গ্রহণ করছি।" ঠিক একইভাবে পবিত্র আত্মাকেও গ্রহণ করুন, আর আপনি পরিপূর্ণ হবেন। কিছু লোক এক এক সময় প্রভাবপূর্ণ উপস্থিতি অনুভব করে। আবার অনেকে তা করে না। কিন্তু আবেগ বা
লূক ১১:১৩ অনুভূতির উপর নির্ভর করবেন না। ঈশ্বরের প্রতিজ্ঞায় বিশ্বাস রাখুন। যখনই আপনি পিতা ঈশ্বরের নিকটে পবিত্র আত্মা যাজ্ঞা করবেন, তিনি তা দেবেন, আর আপনি পবিত্র আত্মার উপস্থিতি ও শক্তিকে উপলব্ধি করতে শুরু করবেন।

**পিতার কাছে এখনই যাজ্ঞা করুন: *"পিতা আমাকে পবিত্র আত্মায় পূর্ণ কর। আমি এখনই তা গ্রহণ করছি। আমেন।"* সোজাসুজি তাকে ধন্যবাদ দেওয়া শুরু করুন।**

## ৩ “আত্মা যেরূপ বক্তৃতা দান করলেন তাঁরা অন্য অন্য ভাষায় কথা বলতে লাগল।”

যীশু বলেছিলেন যে, বিশ্বাসীগণ অন্য অন্য ভাষায় কথা বলবে, আর ঠিক তাই হয়েছিল। পবিত্র আত্মা তাদেরকে নতুন ভাষা দিয়েছিলেন, যে ভাষা তাঁরা কোনদিন বলেন নি। “প্রেরিত” এর পুস্তকে নতুন বিশ্বাসীরা আত্মায় পূর্ণ হয়েছিলেন এবং পরভাষায় কথা বলেছিলেন ও ভবিষ্যদ্বাণী করেছিলেন। এই অনুগ্রহ দান আপনার জন্যও!

*প্রেরিত ১৯:৬*
*১করি: ১৪:১-৫*

### ✓পরভাষার দান হল এক অলৌকিক বিষয়

যখন পরভাষায় কথা বলেন তখন আপনি আত্মায় কথা বলেন, পবিত্র আত্মার দ্বারা যা আপনার অন্তরে আছে। তখন আপনি কোন জানা ভাষায় আর কথা বলেন না। আপনার বুদ্ধিতে আর কথা বলেন না, কিন্তু আত্মায় কথা বলেন। নিজ ভাষায় কথা বলা বন্ধ করুন এবং আত্মায় ঈশ্বরের প্রশংসা করুন। এটা যেন ঠিক রেডিও শোনার মতো। আপনাকে দ্বিতীয় অনুষ্ঠান শুনতে হলে প্রথম অনুষ্ঠান বন্ধ করতে হবে। অতএব নিজের ভাষায় কথা বলা বন্ধ করুন। বুদ্ধি দিয়ে বলা বন্ধ করুন। তারপর আত্মায় পরভাষায় কথা বলা শুরু করুন।

*১করি: ১৪:১৩-১৭*

### ✓আপনি স্বয়ং বলা শুরু করুন, পবিত্র আত্মা নয়

যখন আপনি কথা বলতে এবং ঈশ্বরকে ধন্যবাদ দিতে শুরু করবেন, পবিত্র আত্মা অলৌকিকভাবে আপনাকে নতুন সুন্দর সুন্দর বাক্য দেবেন। আসুন বাইবেল থেকে পদটি দেখি, বলছে, **“তাঁরা কথা বলতে শুরু করল।” আপনাকেও** কথা বলতে শুরু করতে হবে। যতক্ষণ না মুখ খুলে বলতে শুরু করবেন, আপনি কোন ভাষাই বলতে পারবেন না, পরভাষাও সেইভাবেই পারবেন না। যখন আপনি নিঃশ্বাস টেনে মুখ খুলে আওয়াজ বের করবেন ও শ্বাস ছাড়বেন, আত্মা আপনাকে অবশ্যই শব্দ দেবেন। যে শব্দগুলি সহজ ও সরল সেগুলি দিয়ে শুরু করুন।

*প্রেরিত ২:৪*

### ✓পবিত্র আত্মাই আপনাকে বাক্য দেবেন!

*মথি ৭:৯-১১*

ভুল শব্দ বলতে দ্বিধাবোধ করবেন না। যদি চান তাহলে পবিত্র আত্মাই পাবেন, অন্য কিছু নয়। আর আপনি নতুন স্বর্গীয় ভাষায় কথা বলা শুরু করবেন!

### ✓এখনই শুরু করুন!

চোখ বন্ধ করুন, হাত উঁচু করুন। নতুন ভাষায় ঈশ্বরের প্রশংসা করুন। এটা সম্ভব! এই অনুগ্রহদান শয়তানকে আপনার কাছ থেকে ছিনিয়ে নিতে দেবেন না। শয়তান মিথ্যাবাদী। সে হয়তো বলতে পারে: “যে এগুলি আপনার নিজের থেকে বানানো।” কিন্তু আপনি ভালোমতোই জানেন যে, ঈশ্বর তাঁর প্রতিজ্ঞার প্রতি বিশ্বস্ত! প্রতিদিন পরভাষায় কথা বলুন। দিনে অনেকবার বলুন, জীবনের বাকী দিনগুলিতে বলুন। অনেকে অফুরন্ত শব্দ দিয়ে শুরু করবে, আবার অন্য কেউ হয়তো মাত্র কয়েকটি দিয়ে সেটা কোন ব্যাপার নয়। ইতিমধ্যে অলৌকিক কার্য্য শুরু হয়ে গেছে!

## খ্রীষ্টেতে প্রিয় ভাই/বোন,

পবিত্র আত্মা দানের জন্য ঈশ্বরের প্রশংসা হোক। তিনি আপনার বন্ধু ও সহায়। সর্বক্ষণ ও সর্বপরিস্থিতিতে তাঁর উপর আস্থা রাখুন। তিনি আপনাকে ঈশ্বরের প্রেম ও শক্তিতে পরিপূর্ণ করবেন এবং জীবনের উত্তম পথে চালিত করবেন। আপনি পবিত্র আত্মার সাথে এক আশ্চর্য্যজনক সহভাগীতায় প্রবেশ করলেন। প্রতিদিন আত্মায় পূর্ণ করতে ও তাঁর সহিত পূর্ণ সহভাগীতায় থাকতে পিতা ঈশ্বরের নিকট প্রার্থনা করুন। (ইফি: ৫:১৮-২০) এটা কেবল আরম্ভ মাত্র। কিন্তু সুন্দর প্রারম্ভ! এই পাঠটির অধ্যয়ন করতে আপনার লাভদায়ক মনে হতে পারে। আজ আপনি যা পেলেন তা আপনার জীবনকে চিরদিনের মত পরিবর্তিত করে রাখবে!

## মনে রাখার জন্য

বাইবেলের পদগুলি একটি কাগজের পাতায় লিখুন। তারপর দিনে বেশ কয়েকবার পড়ুন। বাসে, অবসর সময়ে বা পরিবারের সঙ্গে আহার বিরতির সময়ে।

**"তাহাতে তাঁহারা সকলে পবিত্র আত্মায় পরিপূর্ণ হইলেন এবং আত্মা যেরূপ বক্তৃতা দান করিলেন, তদনুসারে অন্য অন্য ভাষায় কথা কহিতে লাগিলেন।"** *প্রেরিত ২:৪*

**"আমাদিগকে দত্ত পবিত্র আত্মা দ্বারা ঈশ্বরের প্রেম আমাদের হৃদয়ে সেচিত হইয়াছে।"** *রোমীয় ৫:৫*

## বাইবেল পাঠের চাবিকাঠি সংক্রান্ত বিজ্ঞপ্তি

**আমাদের পরবর্তী পাঠে** জীবন পরিবর্তনকারী নিম্নলিখিত বিষয়গুলি আলোচিত হয়েছে।

- ঈশ্বরের বাক্য কি?
- ইহা কিরূপে কার্য্য করে?
- কেমন করে ইহা আপনাকে স্বতন্ত্র করে?

## বাইবেল পাঠের চাবিকাঠি হল:

- এমন এক পাঠক্রম যাতে ঈশ্বরের বাক্য থেকে প্রাথমিক শিক্ষা দেওয়া হয়েছে।
- এটি ব্যক্তিগত ব্যবহারের জন্য, আবার দলগত অধ্যয়নের জন্যও ব্যবহার করা চলে।

এই পাঠক্রমের মূল ভিত্তি হলো বাইবেল, যা ঈশ্বরের শাশ্বত বাক্য। এই মহাশক্তিশালী বইটিতে আছে এই মর্ত্য জীবনে এবং মৃত্যু পরবর্তী জীবনেও প্রত্যেকের জন্য ধার্মিকতা ও আনন্দ খুঁজে পাওয়ার চাবিকাঠি।

আরো কিছু জানতে হলে এই ঠিকানায় যোগোযোগ করুন:

Copyright © 2000 Victura & InterMedia Services Ltd. All rights reserved. Printed in India 2002